তারিখ ...0 9 MAR 1991 ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ২ ...

দৈনিক বাংলা

# গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠা করুন ঃ রাজশাহী ভার্সিটি শিক্ষক সমিতি

।। বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ।।

রাজশাহী, ৮ই মার্চ।–রাজশাহী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি জনগণের কাছে জবাবদিহিমূলক একটি গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠার জন্য রাজনৈতিক দলগুলির প্রতি আহবান জানিয়েছে। সমিতির সভাপতি প্রফেসর আব্দুল হামিদ এবং সাধারণ সম্পাদক জনাব সাদেকুল ইসলাম এক যুক্ত বিবৃতিতে এ আহবান জানান।

বিবৃতিতে শিক্ষক নেতাদ্বয় গত ২৭শে ফেব্রুয়ারী সারাদেশে অবাধ নিরপেক্ষ ও শান্তিপূর্ণ নির্বাচন অনুষ্ঠানের জন্য অস্থায়ী রাষ্ট্রপতি, তত্ত্বাবধায়ক সরকার, দেশবাসী, আইন প্রয়োগকারী সংস্থা এবং বিভিন্ন রাজ-

(৫–এর পৃঃ দ্রঃ)

## শিক্ষক সমিতি

(প্রথম পৃষ্ঠার পর)

নৈতিক দল ও জোটের প্রতি অভিনন্দনজানান।

তাঁরা গত নির্বাচনে বিজয়ীদের তাদের বিজয়ের জন্য এবং নির্বাচনে অংশগ্রহণকারীদের তাদের অংশগ্রহণের মাধ্যমে গণতান্ত্রিক প্রক্রিয়াকে সহায়তা করার জন্য অভিনন্দন জানান।